

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহে ভর্তি প্রক্রিয়া

প্রতিটি বিশ্ববিদ্যালয় মেধাক্রমসহ যাবতীয় ফলাফল নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করবে। উক্ত ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে GST ভর্তি পরীক্ষা (বিশেষায়িত বিভাগের ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা)-এর ফলাফলের ভিত্তিতে ওয়েবসাইট (<https://gstadmission.ac.bd>)-এর মাধ্যমে কেন্দ্রীয় ব্যবস্থাপনায় GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে। সামগ্রিক ভর্তি প্রক্রিয়া প্রধান দুটি ধাপে বিভক্ত – (ক) প্রাথমিক ভর্তি ও (খ) চূড়ান্ত ভর্তি।

(ক) প্রাথমিক ভর্তি প্রক্রিয়া

- আবেদনকারীকে GST-এর আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে GST ওয়েবসাইটে লগইন করতে হবে।
- আবেদনকারীর পছন্দক্রমে অন্তর্ভুক্ত বিশ্ববিদ্যালয়-সংশ্লিষ্ট যে বিভাগে প্রাথমিক ভর্তির জন্য নির্বাচিত হয়েছে তা Student Panel-এ প্রদর্শিত হবে। বিভাগটিতে প্রাথমিক ভর্তি সম্পন্ন করতে হবে।
- প্রাথমিক ভর্তির জন্য আংশিক ভর্তি ফি বাবদ ৫০০০/- (পাঁচ হাজার মাত্র) টাকা অনলাইনে পরিশোধের পর এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল নম্বরপত্র দুটি নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় (যে বিশ্ববিদ্যালয়ে প্রথম ভর্তি হবে)-এ জমা দিতে হবে।
- প্রথমবার নির্বাচিত হবার পরেও কোন আবেদনকারী প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন না করলে পরবর্তীতে ভর্তির জন্য বিবেচিত হবে না। এমনকি কোটায় ভর্তির জন্যও বিবেচিত হবেনা।
- আংশিক ভর্তি ফি পরিশোধের পরেও মূল নম্বরপত্র দুটি নির্ধারিত সময়ের মধ্যে (অনলাইন নোটিশের মাধ্যমে জানানো হবে) সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে জমা দিতে অপারগ হলে ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরবর্তীতে GST-এর কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না।

মাইগ্রেশনঃ আবেদনকারীর মেধাক্রম ও পছন্দক্রমের ভিত্তিতে বিশ্ববিদ্যালয়-সংশ্লিষ্ট বিভাগসমূহে (পছন্দক্রমে অন্তর্ভুক্ত) মাইগ্রেশন প্রক্রিয়া অটোমেটিক পদ্ধতিতে সম্পন্ন হবে। যে কোন বিশ্ববিদ্যালয়ের ভর্তিকৃত বিভাগ হতে অপেক্ষাকৃত অধিকতর পছন্দের কোন বিভাগে যেতে না চাইলে আবেদনকারীকে নিজ দায়িত্বে GST ওয়েবসাইটের মাধ্যমে Migration Stop সম্পন্ন করতে হবে। সেক্ষেত্রে ভর্তিকৃত বিভাগ ব্যতীত পছন্দক্রমে অন্তর্ভুক্ত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বিভাগে ভর্তির সুযোগ থাকবে না।

ভর্তি বাতিলঃ প্রাথমিক ভর্তি চলাকালে কোন আবেদনকারী নিজ ইচ্ছায় ভর্তি বাতিল করতে চাইলে যে বিশ্ববিদ্যালয়ে মূল কাগজপত্র জমা আছে সেখানে স্বশরীরে উপস্থিত হয়ে আবেদন করতে হবে। ভর্তি বাতিল করলে পরবর্তীতে GST-এর কোনো বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না।

(খ) চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া

- প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবার পর চূড়ান্ত ভর্তি কার্যক্রম স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ে পরিচালিত হবে।
- আবেদনকারী যে বিশ্ববিদ্যালয়ে (নির্দিষ্ট বিভাগে) চূড়ান্ত ভর্তির জন্য নির্বাচিত হবে তাকে সেই বিশ্ববিদ্যালয়ে স্বশরীরে উপস্থিত হয়ে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত নিয়মানুযায়ী চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- সেক্ষেত্রে প্রাথমিক ভর্তির অগ্রিম ফি বাবদ ইতিমধ্যে প্রদত্ত ৫০০০/- টাকা ঐ বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত ভর্তি ফি-এর সাথে সমন্বয়পূর্বক অবশিষ্ট অংশ পরিশোধ করতে হবে।
- মূল কাগজপত্র নির্ধারিত সময়ের মধ্যে নিজ দায়িত্বে চূড়ান্তভাবে ভর্তিকৃত বিশ্ববিদ্যালয়ে জমা দিয়ে চূড়ান্ত ভর্তি নিশ্চিত করতে হবে।